
NYC Mayor’s Office of Immigrant Affairs

# নিউ ইয়র্ক সিটির অভয়ারণ্য শহর আইন



জানুয়ারি, 2025

Bangla

# MOIA’র অভিবাসন আইনি হটলাইনে ফোন করুন-1-800-354-0365

**সোমবার থেকে শুক্রবার, সকাল 9 টা থেকে সন্ধ্যা 6 টা পর্যন্ত**

**আপনার পছন্দের ভাষায় দোভাষী সুবিধা পাওয়া যাবে।**

বিনামূল্যে এবং গোপনীয় অভিবাসন আইনি সহায়তার জন্য, অভিবাসী নিউ ইয়র্কবাসীরা MOIA অভিবাসন আইনি সহায়তা হটলাইনে ফোন করতে পারেন।

## NYC 24/7 হটলাইন

# 311 ফোন করুন বলুন 'ইমিগ্রেশন'

**আপনার পছন্দের ভাষায় দোভাষী সুবিধা পাওয়া যাবে।**


অভিবাসন আইন বেশ জটিল।
জালিয়াতি বা প্রতারণামূলক অভিবাসন আইনি সেবাদানকারীদের থেকে সাবধান থাকুন যারা মিথ্যা প্রতিশ্রুতি দিতে পারে।

**মনে রাখবেন:** একজন পাবলিক নোটারি যিনি লাইসেন্সপ্রাপ্ত আইনজীবী নন, তিনি আপনার পক্ষে অভিবাসন ফরম পূরণ করতে বা জমা দিতে পারবেন না। তারা আপনাকে আইনি পরামর্শও দিতে পারে না।



এই পুস্তিকাটি কেবল সাধারণ তথ্য দেয়। এটা কোনো আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন আইনজীবীর সাথে পরামর্শ করুন।

**নিউ ইয়র্ক অভিবাসন মর্যাদা নির্বিশেষে সকল নিউ ইয়র্কবাসীর জীবনকে মূল্য দেয়, আমরা চাই আপনি এখানে নিরাপদ বোধ করুন।**





এই পুস্তিকাটি কেবল সাধারণ তথ্য দেয়। এটা কোনো আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন আইনজীবীর সাথে পরামর্শ করুন।

# 'অভয়ারণ্য শহর' বলতে কী বোঝায়?



## অভিবাসনের ক্ষেত্রে নিউ ইয়র্ক সিটি একটি "অভয়ারণ্য শহর"।

✓ নিউ ইয়র্ক সিটির অভয়ারণ্য শহর আইন ফেডারেল অভিবাসন আইন প্রয়োগকারী সংস্থার সাথে সহযোগিতা করার ক্ষেত্রে সিটি সরকারের ক্ষমতার উপর কিছু সীমাবদ্ধতা আরোপ করে।

✗ ·নিউ ইয়র্ক সিটির অভয়ারণ্য আইন মানে এই নয় যে নিউ ইয়র্কের কাউকে বহিষ্কার করা হবে না।

# নিউ ইয়র্ক সিটির আইন কীভাবে আমাকে রক্ষা করে?



আমাদের অভয়ারণ্য আইনগুলি অভিবাসন আইন প্রয়োগের চেয়ে জনসাধারণের নিরাপত্তা, যথাযথ প্রক্রিয়া এবং বিশ্বাসকে অগ্রাধিকার দেয়।

**আপনার গোপনীয়তা রক্ষা করার জন্য শহরের আইন রয়েছে।**

কোনও সংস্থা কীভাবে আপনার কাছ থেকে সংগ্রহ করা তথ্য ব্যবহার করার পরিকল্পনা করছে সে সম্পর্কে আপনার যদি প্রশ্ন থাকে তবে আপনি তাদের জিজ্ঞাসা করতে পারেন।

**নিউ ইয়র্ক সিটির আইনগুলি** ফেডারেল অভিবাসন আইন প্রয়োগকারী সংস্থাকে সহায়তা করার জন্য সিটি সরকারের সম্পত্তি, সময় এবং জনবল ও তথ্য কতটা ব্যবহার করা যেতে পারে সে সম্পর্কে **সিটির সব সংস্থার জন্য সীমানা নির্ধারণ করে।**



এই পুস্তিকাটি কেবল সাধারণ তথ্য দেয়। এটা কোনো আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন আইনজীবীর সাথে পরামর্শ করুন।

# আমি কীভাবে নিজেকে রক্ষা করতে পারি?

## 1 আপনার পরিবারের জন্য পরিকল্পনা করুন।

**জরুরি যোগাযোগের জন্য কাউকে ঠিক করুন এবং তাদের ফোন নম্বর মুখস্থ করুন।** জরুরি যোগাযোগের জন্য এমন কাউকে ঠিক করুন যাকে আপনি বিশ্বাস করেন যেমন- পরিবারের সদস্য, বন্ধু, সম্প্রদায়ের নেতা বা আইনজীবী।

·**আপনার কাগজপত্রগুলো গুছিয়ে রাখুন** এবং একটি নিরাপদ স্থানে রাখুন যাতে আপনার জরুরি যোগাযোগের জন্য মনোনীত ব্যক্তি সহজে সেগুলি পেতে পারে।

**বিকল্প অভিভাবক ঠিক করুন: আপনি আটক হওয়ার ক্ষেত্রে আপনার সন্তানের যত্ন নেওয়ার জন্য আপনি বিশ্বাস করেন এমন কেউ।** বিকল্প অভিভাবকদের তাদের যত্নে থাকা কোনও শিশুর জন্য গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা রয়েছে, যার মধ্যে গুরুত্বপূর্ণ চিকূর্ণ-সংক্রান্ত সিদ্ধান্ত এবং শিশু কোন স্কুলে যাবে সে সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া অন্তর্ভুক্ত।



এই পুস্তিকাটি কেবল সাধারণ তথ্য দেয়। এটা কোনো আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন আইনজীবীর সাথে পরামর্শ করুন।

2 **কর্তৃপক্ষের সাথে ঝামেলায় জড়ানো এড়িয়ে চলুন**

3 **কোনো অপরাধমূলক কর্মকাণ্ডে জড়াবেন না।**

## MOIA’র অভিবাসন আইনি হটলাইনে ফোন করুন 1-800-354-0365

**সোমবার থেকে শুক্রবার, সকাল 9 টা থেকে সন্ধ্যা 6 টা পর্যন্ত**

**আপনার পছন্দের ভাষায় দোভাষী সুবিধা পাওয়া যাবে।**

বিনামূল্যে এবং গোপনীয় অভিবাসন আইনি সহায়তার জন্য, অভিবাসী নিউ ইয়র্কবাসীরা MOIA অভিবাসন আইনি সহায়তা হটলাইনে ফোন করতে পারেন।

## NYC 24/7 হটলাইন ফোন করুন- 311

**বলুন 'ইমিগ্রেশন'**

**আপনার পছন্দের ভাষায় দোভাষী সুবিধা পাওয়া যাবে।**



এই পুস্তিকাটি কেবল সাধারণ তথ্য দেয়। এটা কোনো আইনি পরামর্শ নয়। আইনি পরামর্শের জন্য একজন আইনজীবীর সাথে পরামর্শ করুন।

**দ্রষ্টব্য:**

**www.nyc.gov/immigrants**